Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 27 March, 2025

নির্বাচনকেন্দ্রিক সংস্কার ছাড়া বাকি সংস্কার নির্বাচিত সংসদে বাস্তবায়নের প্রস্তাব দিয়ে জাতীয় ঐকমত্য কমিশনে সংস্কার প্রস্তাবনা জমা দিয়েছে ১২ দলীয় জোট। প্রস্তাবনায় আগামী অক্টোবরের মধ্যে সংসদ নির্বাচন অনুষ্ঠানের দাবি জানানো হয়েছে। একই সঙ্গে রাষ্ট্রের নাম পরিবর্তন, গণভোট ও গণপরিষদ নির্বাচনের মতো বিষয়গুলোতে ভেটো দিয়েছেন বিএনপির মিত্র এ জোট।

বৃহস্পতিবার (২৭ মার্চ) দুপুরে জাতীয় সংসদ ভবন সংলগ্ন কমিশন কার্যালয়ে জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি বদিউল আলম মজুমদারের কাছে প্রস্তাবনা জমা দেন ১২ দলের নেতারা।

জমা করা ১৬৬টি প্রস্তাবের মধ্যে ১২ দলীয় জোট ১১০টির সঙ্গে একমত পোষণ করেছে, ৪৮টির সঙ্গে দ্বিমত পোষণ করেছে। আটটি প্রস্তাব নিয়ে আলোচনার অবকাশ আছে বলে মন্তব্য করেছে।

১২ দলীয় জোটের মুখপাত্র শাহাদাত হোসেন সেলিম বলেন, শুধু নির্বাচনকেন্দ্রিক সংস্কার ছাড়া বাকি সংস্কার নির্বাচিত সংসদ দ্বারা বাস্তবায়নের প্রস্তাব দেওয়া হয়েছে। রাষ্ট্রের নাম পরিবর্তন, গণভোট, গণপরিষদ স্থানীয় সরকার নির্বাচনের মতো বিষয়গুলোর সঙ্গে সম্পূর্ণ দ্বিমত পোষণ করা হয়েছে।

তিনি বলেন, বর্তমানে দেশে যে অস্থিরতা ও সংকট বিরাজ করছে, তা থেকে উত্তরণের একমাত্র উপায় অতি দ্রুত সংসদ নির্বাচন। ১২ দলীয় জোট আগামী অক্টোবরের মধ্যে সংসদ নির্বাচন অনুষ্ঠানের জন্য জোর দাবি জানিয়েছে।

এসময় ১২ দলীয় জোট নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন- জমিয়তে উলামায়ে ইসলামের মহাসচিব মাওলানা মহিউদ্দিন ইকরাম, কল্যাণ পার্টির চেয়ারম্যান শামসুদ্দিন পারভেজ ও লেবার পার্টির মহাসচিব আমিনুল ইসলাম।

নির্বাচন অন্তর্বর্তী-সরকার বিএনপি আওয়ামী-লীগ জামায়াত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:40

URL: https://timestodaybd.com/public/bangladesh/97709022